মুজিবনগরে প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা পুরস্কার বিতরণ

মুজিবনগরে উপজেলা পর্যায়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট-২০২৪ ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার (৭ জুলাই) বিকালে উপজেলা প্রশাসন ও উপজেলা শিক্ষা অফিসের আয়োজনে, মুজিবনগর উপজেলা পরিষদ মাঠে এ খেলা অনুষ্ঠিত হয়।

উপজেলা পর্যায়ে ইউনিয়ন ভিত্তিক খেলায় বঙ্গবন্ধু গোল্ডকাপ টুর্নামেন্টে মহাজনপুর ইউনিয়ন চ্যাম্পিয়ন গোপালপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং বাগোয়ান ইউনিয়ন চ্যাম্পিয়ন আনন্দবাস সরকারি প্রাথমিক বিদ্যালয় মধ্যে ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়।

ফাইনাল খেলায় আনন্দবাস সরকারি প্রাথমিক বিদ্যালয় ২ শূন্য গোলে গোপালপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় কে পরাজিত করে উপজেলা চ্যাম্পিয়ন জেলা পর্যায়ে খেলার গৌরব অর্জন করে।

বঙ্গবন্ধু গোল্ডকাপ টুর্নামেন্টের খেলায় সেরা খেলোয়াড় নির্বাচিত হয়েছেন আনন্দবাস সরকারী প্রাথমিক বিদ্যালয়ের রাফিউল ইসলাম এবং সর্বোচ্চ গোল দাতা নির্বাচিত হয়েছেন সাদিকুল ইসলাম।

অপরদিকে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা গোল্ডকাপ টুর্নামেন্টে ইউনিয়ন চ্যাম্পিয়ন গৌরি নগর সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং মোনাখালী ইউনিয়ন চ্যাম্পিয়ন ভবানীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়। ফাইনাল খেলায় ভবানীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় ১-০ গোলে গৌরিনগর সরকারী প্রাথমিক বিদ্যালয়কে পরাজিত করে উপজেলা চ্যাম্পিয়ন জেলা পর্যায়ে খেলার গৌরব অর্জন করে । বঙ্গমাতা খেলায় সেরা খেলোয়াড় নির্বাচিত হয়েছেন ভবানীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় এর রিয়া খাতুন এবং সর্বোচ্চ গোলদাতা নির্বাচিত হয়েছেন সুমাইয়া-তাসনিম মারিয়া।

বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ টুর্নামেন্টে মুজিবনগর উপজেলা

নির্বাহী অফিসার খায়রুল ইসলাম সভাপতিত্বে, উপজেলা পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলু প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে খেলাটি উপভোগ ও পুরস্কার বিতরণ করেন।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে খেলাটি উপভোগ করেন, মুজিবনগর থানার অফিসার ইনচার্জ উজ্জল কুমার দত্ত, সহকারী কমিশনার ভুমি নাজমুস সাদাত রত্ন, উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক আবুল কালাম আজাদ, উপজেলা শিক্ষা অফিসার মোহাম্মদ আলাউদ্দীন, উপজেলা ভাইস চেয়ারম্যান জাহিদ হাসান রাজিব, মহিলা ভাইস চেয়ারম্যান তকলিমা খাতুন।

এছাড়াও উপজেলা পরিষদের অফিসারবৃন্দ, প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ, ডাক্তার, সাংবাদিকসহ উৎসুক দর্শক উপস্থিত থেকে বঙ্গবন্ধু বঙ্গমাতা গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের খেলা উপভোগ করেন।

জিয়ার মৃত্যুতে শোক করেছে আন্তর্জাতিক দাবা ফেডারেশন

দাবা খেলা অবস্থায় আকস্মিকভাবে মারা গেছেন বাংলাদেশের গ্র্যান্ডমাস্টার জিয়াউর রহমান। তার মৃত্যুতে শোক জানিয়েছে আন্তর্জাতিক দাবা ফেডারেশন-ফিদে। তাদের ওয়েবসাইটে আনুষ্ঠানিক শোক বার্তায় জিয়ার পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছে সংস্থাটি।

শুক্রবার (৫ জুলাই) বাংলাদেশ দাবা ফেডারেশনে চলছিল জাতীয় দাবা প্রতিযোগিতার ১২তম রাউন্ডের খেলা। এনামুল হোসেন রাজীবের বিপক্ষে খেলছিলেন জিয়া। দুপুর ৩টায় শুরু হওয়া ম্যাচটিতে খেলাকালীন হঠাৎ করেই মাটিতে লুটিয়ে পড়েন তিনি। সঙ্গে সঙ্গেই তাকে শাহবাগের ইব্রাহিম কার্ডিয়াক হাসপাতালে নিয়ে যাওয়া হয়।

হাসপাতালে নেওয়ার পর চিকিৎসকেরা দ্রুতই তার চিকিৎসা শুরু করেন। প্রায় ১৫ মিনিট পর্যন্তও জিয়ার পালস খুঁজে পাননি ডাক্তাররা। অবশেষে তাকে মৃত ঘোষণা করে চিকিৎসকরা।

জিয়াকে বাংলাদেশের সবচেয়ে সফল দাবাড়ু উল্লেখ করে ফিদে জানিয়েছে, ‘জিয়াউর রহমানের আমরা গভীর শোক প্রকাশ করছি। তার পরিবার, বন্ধু ও ভালোবাসার মানুষদের প্রতি জানাচ্ছি সমবেদনা।’

সূত্র: ইত্তেফাক

অলরাউন্ড র্যাংকিংয়ে জাদেজার ওপরে কোহলি!

শুনতে অবাক লাগলেও সত্যিই অলরাউন্ড র্যাংকিংয়ে জাদেজার ওপরে কোহলি।

টি-টোয়েন্টি বিশ্বকাপ শেষ হওয়ার পরেই অলরাউন্ডার র্যাংকিংয়ে এক নম্বরে উঠে এসেছেন ভারতের হার্দিক পান্ডিয়া।
তবে সেই তালিকায় একটি বিষয় দেখে অনেকেই অবাক হয়েছেন। বিরাট কোহলিকে দেখা গেছে রবীন্দ্র জাদেজার ওপরে। অথচ কোহলি শেষ আট বছরে মাত্র এক বার টি-টোয়েন্টিতে বল করেছেন। তিনি কীভাবে জাদেজার ওপরে আসতে পারেন?

আসলে এর নেপথ্যে রয়েছে আইসিসির রেটিং প্রক্রিয়া। ক্রিকেটারদের ব্যাটিং এবং বোলিং পয়েন্টকে গুণ করা হয়। তা ১০০০ দিয়ে ভাগ করা হয়। তবে কোনও ক্রিকেটারের ৮০০ ব্যাটিং পয়েন্ট থাকে এবং ০ বোলিং পয়েন্ট থাকে, তা হলে তিনি এই তালিকায় থাকবেন না। কারণ, তিনি বল করেন না বলেই ধরা হবে। কারও যদি ৬০০ ব্যাটিং এবং ২০০ বোলিং পয়েন্ট থাকে তার রেটিং হবে ১২০। ৩০০’র বেশি রেটিং পয়েন্ট থাকলে তা বিশ্বমানের ধরা হয়। কোহলির ব্যাটিং পয়েন্ট এবং বোলিং পয়েন্ট মিলিয়ে যা হয়েছে, তা জাদেজার থেকে বেশি। তাই তিনি এই তালিকায় উপরের দিকে রয়েছেন।

কোহলি টি-টোয়েন্টি ক্রিকেটে ১২৫টি ম্যাচ খেলে ৪১১৮ রান করেছেন এবং চার উইকেট নিয়েছেন। জাদেজা ৭৪টি ম্যাচে ৫১৫ রান করেছেন এবং ৭৪টি উইকেট নিয়েছেন। দু’জনেই বিশ্বকাপের পর অবসর নিয়েছেন।

[redacted]

[redacted]

শুধু কঠিন প্রতিপক্ষই নয়, কোয়ার্টার ফাইনালে ব্রাজিলের অন্য দুশ্চিন্তাও আছে। হলুদ কার্ড নিষেধাজ্ঞায় সেমিফাইনালে ওঠার লড়াইয়ে তারকা উইঙ্গার ভিনিসিয়ুস জুনিয়রকে পাচ্ছে না ব্রাজিল। কলম্বিয়ার বিপক্ষে হলুদ কার্ড দেখায় নিষেধাজ্ঞাটি পেতে হলো ভিনিকে।

সূত্র: ইত্তেফাক

ফাইনালের বিতর্কিত ক্যাচ নিয়ে মুখ খুললেন সূর্যকুমার যাদব

এক ক্যাচেই বিশ্বকাপ নিজেদের করে নিয়েছে ভারত। তবে সেই ক্যাচ নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে দেখা দেয় বিতর্ক। অনেকের মতে ক্যাচ নেওয়ার সময় বাউন্ডারি লাইন স্পর্শ করেছে সূর্যের পা। তবে বাউন্ডারি লাইনে পা লাগেনি বলে জানিয়েছেন সূর্যকুমার যাদব।

সদ্য শেষ হওয়া টি-টোয়েন্টি ফাইনালে শেষ ওভারে জয়ের জন্য দক্ষিণ আফ্রিকার দরকার ছিল ৬ বলে ১৬ রান। স্ট্রাইকে মারকুটে ডেভিড মিলার। তিনি পান্ডিয়ার করা প্রথম ওয়াইড ফুলটস বলেকে লং অফে উড়িয়ে মারে ছয়ের লক্ষ্যে। তবে বাউন্ডারি লাইনে অবিশ্বাস্য এক ক্যাচ ধরেন সূর্যকুমার যাদব। আউট হন মিলার। এতেই চ্যাম্পিয়ন হয় ভারত।

ফাইনালের সেই ক্যাচ প্রসঙ্গে ভারতীয় সংবাদমাধ্যম ইন্ডিয়ান এক্সপ্রেসকে সূর্য বলেন, ‘রোহিত ভাই সাধারণত লং-অনে ফিল্ডিং করেন না। কিন্তু সেই সময় তিনি সেখানে ছিলেন। তাই বলটি যখন আসছিল আমি এক সেকেন্ডের জন্য তার দিকে তাকাই, তিনিও আমার দিকে তাকিয়েছিলেন। আমি দৌড়াতে শুরু করি, লক্ষ্য ছিল ক্যাচটি নেওয়া। তিনি (রোহিত) কাছে থাকলে, বল তার দিকে ছুড়ে দিতাম। কিন্তু তিনি কাছাকাছি ছিলেন না। এরপর ৪ বা ৫ সেকেন্ডে যা ঘটেছে, আমি সেটা ব্যাখ্যা করতে পারব না।’

ক্যাচ ঠিকঠাক নিয়েছিলেন কিনা এমন প্রশ্নে সূর্য আরও বলেন, ‘বলটা যখন আমি ওপরের দিকে ঠেলে দিই আর ক্যাচটা নিই, আমি জানতাম দড়িতে

আমার পা লাগেনি। আমি সেই সময় কেবল ওটা নিয়েই ভাবছিলাম। আমি জানতাম, এটা পরিষ্কার একটা ক্যাচ।

সূত্র: ইত্তেফাক

ইতালিকে বিদায় করে কোয়ার্টার ফাইনালে সুইজারল্যান্ড

বর্তমান চ্যাম্পিয়ন ইতালিকে বিদায় করে ইতিহাসে দ্বিতীয়বারের মত ইউরো চ্যাম্পিয়নশিপের কোয়ার্টার ফাইনালে উঠেছে সুইজারল্যান্ড। শেষ ষোলোর লড়াইয়ে ইতালিকে ২-০ গোলে হারিয়ে শেষ আট নিশ্চিত করে সুইসরা।

বার্লিনের অলিম্পিক স্টেডিয়ামে এদিন সুইজারল্যান্ডের কাছে পাত্তাই পায়নি ইতালি। একের পর এক আক্রমণে ইতালির ডিফেন্সকে ব্যস্ত রাখে সুইজারল্যান্ড। ম্যাচের ২৪ মিনিটে ইতালিকে রক্ষা করেন গোলরক্ষক জিয়ানলুইজি ডোন্নারুমা।

তবে ম্যাচের ৩৭ মিনিটে রুবেন ভারগাসের অ্যাসিস্টে রেমো ফ্রুলার গোল করে সুইজারল্যান্ডকে এগিয়ে দেন। ১-০ গোলে এগিয়ে থেকে বিরতিতে যায় সুইসরা

দ্বিতীয়ার্ধে খেলতে নেমে ফের গোলের দেখা পায় সুইজারল্যান্ড। এক মিনিট না গড়াতেই ভারগাস ব্যবধান দ্বিগুণ করেন। শেষ পর্যন্ত আর কোনো গোল না হওয়ায় ২-০ গোলে টানা দ্বিতীয়বার ইউরোর শেষ আটে উঠল সুইজারল্যান্ড।

সূত্র: ইত্তেফাক

অপরাজিত দুই দলের লড়াইয়ে কে হাসরে শেষ হাসি

বার্বাডোজের ব্রিজটাউনের কেনসিংটন ওভালে টি-টোয়েন্টি বিশ্বকাপের ফাইনালে দক্ষিণ আফ্রিকার মুখোমুখি হবে ভারত। উভয় দলই পুরো টুর্নামেন্ট জুড়ে দুর্দান্ত পারফরম্যান্স করেছে এবং অপরাজিত থেকেই ফাইনালে খেলার যোগ্যতা অর্জন করেছে। তাই বলা যায়—শিরোপার লড়াইয়ে কেউ কাউকে ছেড়ে কথা বলবে না। রোমাঞ্চকর এই ম্যাচ দেখতে তাই তো চাতক পাখির মতো ক্রিকেটপ্রেমীদের চোখ এখন এই ম্যাচের ওপর। আজ রাত সাড়ে ৮টায় বার্বাডোজের কেনসিংটন ওভালে অনুষ্ঠিত হবে এই ম্যাচটি।

নিজেদের ইতিহাসে প্রথমবারের মতো বিশ্বকাপের ফাইনালে খেলার যোগ্যতা অর্জন করেন প্রোটিয়ারা। অন্যদিকে টি-টোয়েন্টি বিশ্বকাপের প্রথম আসরে শিরোপা জয়ের পর পরবর্তী সাত আসরে শিরোপা উঁচিয়ে ধরতে পারেননি ভারতীয়রা। যদিও এবারের আসরের শিরোপার অন্যতম দাবিদার হয়ে আয়োজক দেশে পা রাখেন রোহিত-কোহলিরা। এখন পর্যন্ত পুরো টুর্নামেন্টে অপরাজিত ভারতীয়রা। সুপার এইটে অস্ট্রেলিয়াকে হারানোর পর গত পরশু সেমিফাইনালে বর্তমান চ্যাম্পিয়ন ইংল্যান্ডকে হারিয়ে মধুর প্রতিশোধ নেওয়ার পাশাপাশি জায়গা করে নেয় স্বপ্নের ফাইনালে। এর আগে সবশেষ ২০২২ টি-টোয়েন্টি বিশ্বকাপে এই ইংলিশদের কাছে হেরে সেমিফাইনাল থেকে বিদায় নেন ২০০৭ সালের বিশ্বচ্যাম্পিয়নরা।

অন্যদিকে ভারতের মতো অপরাজিত থেকে ফাইনালের টিকিট নিশ্চিত করেছিল দক্ষিণ আফ্রিকা। তবে প্রথম পর্বের প্রতিটি ম্যাচেই শ্বাসরুদ্ধকর জয় নিয়ে মাঠ ছাড়েন প্রোটিয়ারা। যদিও গ্রুপ চ্যাম্পিয়ন হয়ে জায়গা করে নেন শেষ আটে। তবে আগের আসরগুলোর দিকে চোখ বুলালে দেখা যায়—পুরো টুর্নামেন্ট দাপট দেখালেও সেমিফাইনালে এলে যেন নিজেদের হারিয়ে খুঁজতে থাকেন প্রোটিয়ারা। যার কারণে উপহাস করে তাদের ক্রিকেটের ‘চোকার্স’ ও বলা হয়।

এর আগে ওয়ানডে বিশ্বকাপে পাঁচ বার ও টি-টোয়েন্টি বিশ্বকাপে মোট দুই বার সেমিফাইনাল খেললে একবারও খেলতে পারেননি ফাইনালে। তবে সেই দক্ষিণ আফ্রিকাই এবারের আসরের উড়তে থাকা আফগানদের সেমিতে ৯ উইকেটের বিশাল ব্যবধানে হারিয়ে নিজেদের ইতিহাসের প্রথম বারের

মতো কোনো বৈশ্বিক টুর্নামেন্টের ফাইনালে খেলার যোগ্যতা অর্জন করে দলটি। তাই তো ফাইনালে ভারতকে হারিয়ে শিরোপা উঁচিয়ে ধরতে মরিয়া প্রোটিয়া।

এদিকে টি-টোয়েন্টি বিশ্বকাপের পুরো আসর জুড়ে ছিল বৃষ্টির দাপট। সুপার এইট ও সেমিফাইনালের মতো ম্যাচেও ছিল এর চোখ রাঙানি। অনেক ম্যাচ তো শুরুও হয়েছে দেরিতে। তবে গুরুত্বপূর্ণ ম্যাচে রিজার্ভ ডে না রাখায় সমালোচনার মুখে পড়তে হয়েছে বিশ্ব ক্রিকেট নিয়ন্ত্রক সংস্থা আইসিসিকে। দ্বিতীয় সেমিফাইনালে ভারত-ইংল্যান্ডের ম্যাচও পড়েছিল বৃষ্টি বাধায়। সেসব কথা মাথায় রেখেই ফাইনালে রিজার্ভ ডে রেখেছে আইসিসি।

বেরসিক বৃষ্টির কারণে যদি আজ ম্যাচ মাঠে না গড়ায়, তাহলে আগামীকাল রবিবার রিজার্ভ ডেতে অনুষ্ঠিত হবে ফাইনাল। যদিও শনিবার দেড় ঘণ্টা সময় রাখা হচ্ছে। বৃষ্টিতে ম্যাচ শুরু করা না গেলে বা ম্যাচ শুরু পর বৃষ্টি হলে এরপর আরও ৯০ মিনিট সময় থাকছে। অন্যান্য ম্যাচে ফলের ক্ষেত্রে অন্তত ১০ ওভার মাঠে গড়াতে হবে। তা-ও সম্ভব না হলে ম্যাচ যাবে রিজার্ভ ডেতে। আর যদি আজ ম্যাচ মাঝপথে থামে, রিজার্ভ ডে-তে সেখান থেকেই খেলা শুরু হবে। তবে বৃষ্টির কারণে শনি ও রবিবার খেলা না গড়ায় তাহলে যৌথ চ্যাম্পিয়ন ঘোষণা করা হবে।

সূত্র: ইত্তেফাক

কুফা কাটিয়ে প্রথমবার বিশ্বকাপের ফাইনালে দক্ষিণ আফ্রিকা

অবশেষে আইসিসি ওয়ার্ল্ডে কাপের কুফা কাটলো দক্ষিণ আফ্রিকার। এর আগে ওয়ানডে বিশ্বকাপ ও টি-টোয়েন্টি বিশ্বকাপ মিলিয়ে ৭ বারেও পেরতে পারেনি সেমিফাইনাল তবে ৮ম সেমিফাইনালে জয়ের দেখা পেয়ে ফাইনালে প্রোটিয়ারা।

দেন কোন রান না করা রাহমানুল্লাহ গুরবাজ। এই বিশ্বকাপে আফগানিস্তানের ওপেনাররা ব্যর্থ হলে মিডল অর্ডার সেটা সামাল দিতে পারেনি, এবার তাদের কোন অর্ডারই তাল পায়নি।

ইয়ানসেন তার পরের ওভারে ভেতরে ঢোকা বলে উড়িয়ে দেন গুলবদিন নাইবের স্টাম্প। রাবাদা বল করতে এসে পর পর দুই বলে স্টাম্প উপড়ান ইব্রাহিম জাদরান ও মোহাম্মদ নবির।

নাঙ্গিয়াল খারোতিকে আগে নামানো হয়েছিলো। ইয়ানসেনের পেস বুঝতে পারেননি তিনিও। একমাত্র যে ব্যাটার দুই চারে দুই অঙ্কে গেছেন সেই আজমতুল্লাহ ওমরজাই শিকার আনরিক নরকিয়ার তাতে ২৮ রানে ৬ উইকেট হারিয়ে খাদের কিনারে চলে যায় আফগানরা।

পেসাররা ৬ উইকেট ফেলার পর আক্রমণে আসেন তাবরাইজ শামসি। এসেই তিনি এক ওভারে তুলে নেন করিম জানাত ও নূর আহমেদকে। শেষ দিকে নাবিন উল হককে এলবিডব্লিউ করে ইনিংস মুড়েও দেন তিনি। এর আগে আফগান অধিনায়ক রশিদ খানের স্টাম্প উড়িয়ে দক্ষিণ আফ্রিকার পেস শক্তির ছবি দেখান নরকিয়া।

প্রথম ইনিংসেরই পরই মোটামুটি নিশ্চিত হয়ে যায় ম্যাচের ফল। বাকি সময়ে চলেছে স্রেফ আনুষ্ঠানিকতা সারার কাজ।

সূত্র: ইত্তেফাক

বাংলাদেশ আফগানিস্তান সিরিজ স্থগিত!

আফগানিস্তানের বিপক্ষে তিনটি করে ওয়ানডে এবং টি-টোয়েন্টি ম্যাচের সিরিজ খেলতে জুলাইয়ের শেষ দিকে ভারতে যাওয়ার কথা রয়েছে বাংলাদেশের।

তবে কন্ডিশনের কথা বিবেচনা করে সিরিজটি স্থগিত করতে আফগানিস্তান ক্রিকেট বোর্ডকে (এসিবি) অনুরোধ জানিয়েছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)। এমন প্রতিবেদন প্রকাশ করেছে ইএসপিএন

[redacted]

[redacted]

[redacted] ([redacted]) [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]: [redacted]